Public Health England

NHS

# টিবি ও বিসিজি টিকা

## এবং আপনার শিশু



Immunisation

আপনার শিশুর স্বাস্থ্য সুরক্ষার জন্য সবচেয়ে নিরাপদ উপায়

**এই লিফলেটটিকে বিসিজি (ব্যাসিলাস ক্যালমেট-গুএরিন) টিকার বিষয়ে তৈরি করা হয়েছে যা আপনার শিশুকে যক্ষ্মারোগ (টিবি) থেকে সুরক্ষিত রাখার জন্য দেওয়া হয়।**

## বিসিজি কী?

বিসিজি টিকায় সেই ব্যাকটেরিয়ার (জীবাণু) একটি দুর্বল রূপ রয়েছে যার কারণে টিবি রোগ দেখা দেয়। যেহেতু এই ব্যাকটেরিয়াকে বেশ খানিকটা দুর্বল করে দেওয়া হয়েছে সেহেতু এটা প্রকৃতপক্ষে টিবি রোগ ঘটায় না, তবে এটা আপনার শিশুকে টিবি রোগের প্রতি তার নিজস্ব সুরক্ষা (প্রতিরোধ ক্ষমতা) গড়ে তুলতে সহায়তা করে এবং ভবিষ্যতে কোনো দিন এই রোগের সংস্পর্শে আসলে সে সুরক্ষিত থাকবে। শিশুদের এবং ছোট ছেলে মেয়েদেরকে টিবি মেনিনজাইটিসের (মস্তিষ্কের লাইনিং ফোলা) মতন আরও বিরল তবে মারাত্মক ধরণের টিবি থেকে সুরক্ষিত রাখার জন্য বিসিজি টিকা বিশেষভাবে কার্যকর।

## টিবি কী?

টিবি একটি ব্যাকটেরিয়া জনিত সংক্রমণ এবং এটি সাধারণত ফুসফুসকে আক্রান্ত করে থাকে তবে এটি শরীরের যেকোনো অঙ্গকে আক্রান্ত করতে পারে। টিবি জীবাণু দ্বারা সংক্রামিত হওয়ার মানে এই নয় যে সেটা টিবি রোগে পরিণত হবে। টিবি রোগ শরীরের মধ্য খুবই ধীরে ধীরে বেড়ে উঠে এবং বেশ কয়েক মাস পর এই রোগের উপসর্গগুলো দেখা দেয়। টিবি সংক্রমণে আক্রান্ত বেশিরভাগ লোকজনদের কখনই টিবি রোগ হবে না। এই লোকদের ক্ষেত্রে চিরজীবন টিবি ব্যাকটেরিয়া নিষ্ক্রিয় অবস্থায় থাকে। অন্যান্য লোকজনদের মধ্যে (উদাহরণস্বরূপ, যাদের দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা রয়েছে) এই ব্যাকটেরিয়াটি হয়তো সক্রিয় হয়ে যেতে পারে এবং তার কারণে টিবি রোগ হতে পারে। এই দেশে বেশিরভাগ লোকজনই চিকিৎসা পূরণ করার পর সম্পূর্ণভাবে সেরে ওঠেন তবে এতে বেশ কয়েক মাসের সময় লাগে।

## টিবি'র উপসর্গ কী কী?

টিবি শরীরের যেকোনো অঙ্গকে আক্রান্ত করতে পারে। উপসর্গগুলো ভিন্ন হতে পারে এবং একজন প্রাপ্তবয়স্কের তুলনায় একটি শিশুর মধ্যে এই রোগের লক্ষণ ভিন্ন হতে পারে। যেহেতু টিবি রোগ সংক্রামক সেহেতু এটা গুরুত্বপূর্ণ যে আপনি যেন অন্য কারোর মধ্যে এই রোগের উপসর্গগুলোকে সনাক্ত করতে পারেন।

আপনার একজন ডাক্তারের সঙ্গে যোগাযোগ করা উচিত যদি আপনার, আপনার শিশুর বা আপনার পরিবারের কোনো অন্য সদস্য বা বন্ধুর মধ্যে নিম্নবর্ণিত উপসর্গের মধ্যে কোনোটি থাকে:

- একটানা কাশি যা তিন সপ্তাহের চেয়ে বেশি দীর্ঘ সময় ধরে চলতে থাকে
- জ্বর
- ঘাম দেওয়া, বিশেষত রাত্রিবেলা
- ব্যাখ্যাতীতভাবে ওজন কমে যাওয়া
- সাধারণত এবং অস্বাভাবিকভাবে ক্লান্তি এবং অসুস্থতা বোধ করা
- কাশির সঙ্গে রক্ত উঠে আসা

## টিবি সংক্রমণ কিভাবে ছড়ায়?

আপনি শুধুমাত্র এমন কোনো ব্যক্তি থেকে টিবি সংক্রমণ পেতে পারেন যার ফুসফুস এবং গলা ইতিমধ্যে সংক্রামিত হয়েছে এবং যে সম্প্রতি কাশছে যখন তারা কাশেন তখন খুবই ছোট-ছোট ড্রপলেটের স্প্রে'এর সৃষ্টি হয় যার মধ্যে ব্যাকটেরিয়া থাকে। যদি আপনি শ্বাসের সঙ্গে এই ড্রপলেটগুলোকে গ্রহণ করেন তাহলে আপনিও এই সংক্রমণে আক্রান্ত হতে পারেন। একজন সংক্রামিত ব্যক্তির সঙ্গে ঘনিষ্ঠ এবং দীর্ঘায়িত সংস্পর্শ থাকলেই সংক্রামিত হওয়ার ঝুঁকি সৃষ্টি হয় উদাহরণস্বরূপ একই বাসায় থাকা।

## টিবি কত সাধারণত দেখা যায়?

1950’এর দশকে ইউকেতে প্রতি বছরে 50,000’এর চেয়ে বেশি নতুন টিবি’র কেস ধরা পড়ত। বর্তমাত্ত্বন সময়ে, এই সংখ্যাটি অনেক কমে গেছে এবং এখন প্রত্যেক বছরে শুধুমাত্র 6,000’এর চেয়ে কিছুটা বেশি কেস ধরা পড়ে। সুতরাং আপনার সংক্রামিত হওয়ার সম্ভাবনা খুবই কম থাকা সত্ত্বেও সকলকে টিবি'র উপসর্গগুলোর বিষয়ে সচেতন থাকা উচিত।

এটা বিশেষভাবে গুরুত্বপূর্ণ কেননা টিবি একটি বিশ্বব্যাপী ব্যাপক রোগ।

টিবি'র উচ্চ হারের দেশগুলোতে কাজ করেছেন বা থেকেছেন এমন সকল লোকদের মধ্যে এই রোগের উচ্চ ঝুঁকি রয়েছে। এই পরিবারের বাচ্চাদেরও তাদের কমিউনিটিতে সংক্রামিত সদস্যদের নিকট সংস্পর্শে আসার অনেক বেশি সম্ভাবনা রয়েছে হয় তা ইউকেতে হোক বা তাদের মূল দেশে।

## আমার শিশুকে কেন বিসিজি প্রদান করা হচ্ছে?

অনেক অন্যান্য দেশের মতন ইউকেতেও সেই সকল শিশুদেরকে বিসিজি প্রদান করা হয় যারা সম্ভবত টিবি রোগে আক্রান্ত কোনো ব্যক্তির সংস্পর্শে আসতে পারে। এতে সেই সকল শিশুরা অন্তর্ভুক্ত রয়েছে যারা এমন একটি অঞ্চলে থাকে যেখানে টিবি'র উচ্চ সংক্রমণ হার রয়েছে অথবা এমন শিশু যাদের মাতা-পিতা বা ঠাকুরদা বা ঠাকুরমা এমন দেশ থেকে যেখানে টিবি'র উচ্চ সংক্রমণ হার রয়েছে (আরও অধিক তথ্যের জন্য পৃষ্ঠা 7 দেখুন)।

## আমার শিশুকে টিকা কিভাবে দেওয়া হবে?

আপনার শিশুকে তার বাম বাহুর উপরের দিকে বিসিজি টিকা দেওয়া হবে।

এই টিকাটি সাধারণত জন্মের পর আপনার শিশুর হাসপাতালে থাকাকালীন সময়ে দেওয়া হয় তবে এটা পাঁচ বছর বয়স পর্যন্ত যেকোনো সময়ে দেওয়া যেতে পারে।

## কোনো পার্শ্ব প্রতিক্রিয়া আছে কি?

ইনজেকশন দেওয়ার ঠিক পরে একটি উত্থিত ফোস্কা দেখা যাবে। এটা প্রমাণিত করে যে ইনজেকশনটিকে সঠিকভাবে দেওয়া হয়েছে।

ইনজেকশন দেওয়ার পর দুই থেকে ছয় সপ্তাহের মধ্যে একটি ছোট স্পট দেখা যাবে। কয়েক দিনের জন্য এই জায়গায় বেশ ব্যথা থাকতে পারে তবে যদি আপনি এটাকে না ঢাকেন তাহলে এটা ধীরে ধীরে সেরে যাবে। সেরে যাওয়ার পর এটা একটি দাগ রেখে যেতে পারে।

মাঝেমধ্যে ইনজেকশন দেওয়ার স্থানে আপনার শিশুর হয়তো একটি অগভীর ঘা হতে পারে। যদি এখান থেকে তরল ক্ষরণ হয় এবং এটাকে ঢাকার প্রয়োজন হয় তাহলে একটি শুকনো ড্রেসিং ব্যবহার করুন - কখনই প্লাস্টার ব্যবহার করবেন না - যতক্ষণ পর্যন্ত ঘা শুকিয়ে একটি স্ক্যাব না হয়। এই ঘা সেরে উঠতে বেশ কয়েক মাস সময় লাগতে পারে।

যদি আপনি উদ্বিগ্ন হোন বা আপনি মনে করেন যে ঘা'এর জায়গাটি সংক্রামিত হয়েছে তাহলে আপনার ডাক্তারের সঙ্গে দেখা করুন।



## এমন কি কোনো কারণ রয়েছে যার ভিত্তিতে আমার শিশুর বিসিজি টিকা গ্রহণ করা উচিত নয়?

সকল অন্যান্য টিকার মতন নিম্নবর্ণিত কোনো পরিস্থিতিতে এই ইনজেকশনটি দেওয়া উচিত নয় বা তা মুলতুবি করা উচিত:

- আপনার শিশুর খুব বেশি জ্বর হয়েছে।
- আপনার শিশু সাধারণ সংক্রামিত ত্বকের সমস্যায় আক্রান্ত। (যদি একজিমা থেকে থাকে তাহলে ইনজেকশনটি এমন একটি জায়গায় দেওয়া হবে যেখানে ত্বক ক্ষত হয়নি)।

কদাচিৎ দুর্বল রোগ প্রতিরোধক ব্যবস্থাপনা আছে এমন সকল ছেলে মেয়েদের ক্ষেত্রে এই টিকায় থাকা ব্যাকটেরিয়ার কারণে মারাত্মক সংক্রমণ হতে পারে।

যদি আপনার ছেলে বা মেয়ের রোগ প্রতিরোধক ব্যবস্থাপনা নিশ্চিতভাবে বা সন্দেহভাজন কমজোর থাকে তাহলে নার্স বা ডাক্তারকে সেই বিষয়ে অবহিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ:

- ক্যান্সার বা অন্যান্য মারাত্মক সমস্যার জন্য বাচ্চাটির চিকিৎসা করা হচ্ছে।
- গর্ভাবস্থা সময়কালীন বাচ্চাটির মা ইমিউনোসাপ্রেসিভ বায়োলজিক্যাল থেরাপি গ্রহণ করেছিলেন।
- পরিবারের মধ্যে রোগ প্রতিরোধক ব্যবস্থাপনা সম্পর্কিত সমস্যার ইতিহাস রয়েছে (এইচআইভি সহ)।




## • কোন শিশুদের বিসিজি নেওয়ার প্রয়োজন রয়েছে

আপনি যেখানে থাকেন সেখানে সকল শিশুদের বিসিজি না প্রদান করা সত্ত্বেও আপনার শিশুর হয়তো বিসিজি টিকার প্রয়োজন হতে পারে।

আপনি যদি নিম্নবর্ণিত কোনো প্রশ্নের উত্তরে '**হ্যাঁ**' বলেন তাহলে আপনাকে আপনার ডাক্তার বা নার্সের সঙ্গে আপনার শিশুকে বিসিজি দেওয়ার কথা জিজ্ঞাসা করা উচিত।

- আপনার শিশু বা শিশুর মা বা বাবা অথবা ঠাকুরদা/ ঠাকুরমা বা আপনার সঙ্গে থাকেন এমন কেউ কি কোনো এমন দেশ থেকে এসেছেন যেখানে টিবি সংক্রমণের উচ্চ হার রয়েছে?
- আপনি ও আপনার শিশু কি এই দেশগুলোর মধ্যে কোনোটিতে বন্ধুদের বা পরিবারের সঙ্গে থাকবেন বা সাময়িকভাবে থাকতে যাবেন।
- আপনার সঙ্গে থাকেন বা আপনার শিশুর সঙ্গে অনেক সময় কাটান এমন কারোর কি সম্প্রতি টিবি হয়েছে বা অতীতে টিবি ছিল?



বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডাব্লু.এইচ.ও) দ্বারা প্রকাশিত নিম্নবর্ণিত সংখ্যার ভিত্তিতে টিবি'র উচ্চ হারের দেশগুলোকে সনাক্ত করা হয়েছে:

**www.gov.uk/government/publications/tuberculosis-tb-by-country-rates-per-100000-people**

## আমার কী আর কিছু জানার প্রয়োজন রয়েছে?

আপনার শিশু তাদের বিসিজি নির্বিশেষে নিত্য শৈশবকালীন টিকাগুলোকে আট সপ্তাহ বয়স থেকে নিতে শুরু করতে পারে। আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার শিশুকে যেই বাহুতে বিসিজি দেওয়া হয়েছে সেখানে যেন তিন মাস পর পর্যন্ত কোনো অন্য ইনজেকশন না দেওয়া হয়; নতুবা সেই জায়গার গ্রন্থিগুলো ফুলে যেতে পারে।

নিশ্চিত করবেন যে ভবিষ্যত রেফারেন্সের জন্য বিসিজি টিকাটিকে যেন আপনার বাচ্চার পার্সোনাল চাইল্ড হেলথ রেকর্ডে (রেড বুক) লিখে রাখা হয়।



## অধিকতর তথ্য

যদি আপনি টিবি বা বিসিজি টিকা বা অন্যান্য কোন টিকার বিষয়ে আরও অধিকতর তথ্য জানতে চান তাহলে আপনার ডাক্তার, হেলথ ভিজিটার, মিডওয়াইফ বা নার্সের সঙ্গে কথা বলুন; অথবা নিম্নবর্ণিত ওয়েবসাইট দেখুন **www.nhs.uk/vaccinations.**

**মনে রাখবেন, টিবি থেকে সেরে উঠতে অনেক দীর্ঘ সময় লাগে, এই রোগ প্রতিরোধ করা অনেক বেশি সহজ।**

NHS

©ক্রাউন কপিরাইট 2019

2900193B 75 K 1p FEB 2019 (APS)

এই পুস্তিকার আরও কপি অর্ডার করার জন্য,
নিম্নবর্ণিত দেখুন: www.orderline.dh.gov.uk অথবা ফোন করুন: 0300 123 1002, মিনিকম: 0300 123 1003 (সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে বিকেল 6টা পর্যন্ত)